আজকের কাগজ

তারিখ 2 8 NOV 1991
পৃষ্ঠা 1 কলাম ৬

# অনশন শেষে রাজশাহী বিআইটি খোলার দাবিতে সড়ক অবরোধ

রাজশাহী বিআইটি খোলার দাবিতে ছাত্রদের ৪৮ ঘন্টার প্রতীক অনশন মঙ্গলবার শেষ হয়েছে। পূর্ব ঘোষণা অনুযায়ী ছাত্ররা মঙ্গলবার রাজশাহী-ঢাকা মহাসড়কে চার ঘন্টার অবরোধ কর্মসূচী পালন করেছে। বুলবুল আহমেদ দুলুর ফোন।

সকাল দশটা থেকে দুপুর দু'টা পর্যন্ত অবরোধ চলাকালে রাজশাহীর সঙ্গে পার্শ্ববর্তী জেলাগুলোর সড়ক যোগাযোগ বন্ধ হয়ে যায়। এ সময় রাজশাহী বিশ্ববিদ্যালয়ের বাসও চলাচল করেনি। বিআইটির ছাত্রদের দাবির সমর্থনে গণতান্ত্রিক ছাত্র ঐক্য বিআইটির সামনে সমাবেশ করেছে।

কর্তৃপক্ষ রাজশাহী বিআইটি খুলে না দিলে আট ডিসেম্বর ছাত্ররা রাজশাহীতে হরতাল পালন করবে।

15